তারিখ 02 MAR 1989
পৃষ্ঠা 10 কলাম 5

দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

006

# বিদ্যালয় থাকলেও ছাত্র-শিক্ষকের উপস্থিতি নেই

গাইবান্ধা, ২৭শে ফেব্রুয়ারী (জেলা বার্তা পরিবেশক) ।-- অবিশ্বাস্য হলেও সত্য যে, একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় থাকলেও গত ৫ মাস যাবৎ সেখানে কোন লেখাপড়া নেই। শিক্ষক-ছাত্রের উপস্থিতিও নেই।

এই বিদ্যালয়ের নাম চরদিঘলকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়। এটি সাঘাটা উপজেলার হলদিয়া ইউনিয়নের অন্তর্গত। গত ১৮ই ফেব্রুয়ারী চরদিঘলকান্দি গ্রামে গিয়ে দেখা যায় সেখানে বিদ্যালয় নামের অস্তিত্ব টিকে থাকলেও ছাত্রছাত্রী নেই। নেই কোন শিক্ষকের উপস্থিতি। এই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মো: শাজাহান মোল্লাকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, গত ৫ মাস ধরে কোন শিক্ষক এই বিদ্যালয়ে আসে না। ফলে ছাত্রছাত্রীরা জামালপুর জেলার অন্তর্গত চরমম্না গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে লেখাপড়া করছে।

তিনি আরও বলেন, এই বিদ্যালয়ে শিক্ষক থাকার কথা ৪ জন। কিন্তু রয়েছে মাত্র একজন। তার নাম মো: আবদুর রশিদ। তিনি প্রধান শিক্ষক বটে। এই প্রধান শিক্ষক সাহেবও গত ৫ মাস ধরে বিদ্যালয়ে অনুপস্থিত। এর কারণ অনুসন্ধান করতে ম্যানেজিং কমিটির সভাপতি শাজাহান মোল্লা সাঘাটা উপজেলার শিক্ষা অফিসারের কাছে যান। সেখানে গিয়ে জানতে পারেন, ম্যানেজিং কমিটির সদস্যদের স্বাক্ষর জাল করে উক্ত প্রধান শিক্ষক গত ৫ মাসের বেতন উত্তোলন করেছেন। এ ব্যাপারে তিনি শিক্ষা অফিসার আবদুল ওয়াহেদ সরকারের কাছে লিখিত আপত্তি ও অভিযোগ উত্থাপন করলেও কোন ফল হয়নি বলে জানিয়েছেন। এদিকে শিক্ষা অফিসারকে প্রশ্ন করা হলে তিনি বলেন, অভিযোগ আমরাও পেয়েছি। তবে এখনো তদন্ত হয়নি।